গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
স্থানীয় সরকার শাখা
www.moulvibazar.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০১২.০৩.০০৩৫.২৪. ৫৭৬

তারিখ : ০৭ কার্তিক ১৪৩২
২৩ অক্টোবর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ-এর ০৪ জুন ২০২৫ তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৫৬.২০১৬.২০৫৮ নম্বর স্মারকে ছাড়পত্রের প্রেক্ষিতে মৌলভীবাজার জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে 'ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা' এর শূন্যপদে জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী জনবল নিয়োগ এবং আগামী এক বছরের জন্য নিয়োগ প্যানেল সংরক্ষণের লক্ষ্যে মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (https://dcmbr.teletalk.com.bd) ওয়েবসাইটে পূরণকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | ০৯ (নয়) টি | গ্রেড-১৪<br>১০,২০০-২৪,৬৮০/-<br>তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতন প্রাপ্য হবে) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ (সংশোধিত ২০১৬)" অনুসরণ করা হবে।

২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/কোটা এবং পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত সংশোধিত বা নতুন প্রণীত বিধি-বিধান অনুসরণ করা হবে।

৩। আবেদনকারী প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন ব্যক্তি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহে, তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না।

৪। আবেদনকারীর বয়স ২৯/১১/২০২৫ খ্রি. তারিখে অবশ্যই ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের (নিয়োগকারী কর্তৃপক্ষ) অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৬। আবেদনকারীকে তার অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই ডাউনলোডকৃত প্রবেশপত্রের (ADMIT CARD) রঙিন প্রিন্টকপি যথাযথ কর্তৃপক্ষকে প্রদর্শন করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

৮। নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা চূড়ান্ত নিয়োগ সম্পন্ন হওয়ার পরেও কোন প্রার্থী কর্তৃক তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদানের বিষয় বা দাখিলকৃত কাগজপত্র জাল/মিথ্যা/ভুয়া প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলকরণসহ যথাযথ আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/ সংযোজন করাসহ বিজ্ঞপ্তিটি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১২। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল সনদ/অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনসহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত একসেট ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে (সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর (যদি থাকে) ও দাপ্তরিক ঠিকানা উল্লিখিত সিলসহ)।

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) ও প্রবেশপত্র (Admit Card)।
খ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদের মূলকপি (যদি থাকে);
গ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
ঘ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ;
ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
চ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্র।
ছ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র-নৃ গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

১৪। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ, ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি (https://dcmbr.teletalk.com.bd) এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i). Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০/১০/২০২৫ খ্রিস্টাব্দ সকাল ০৯.০০ টা।

(ii). Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৯/১১/২০২৫ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন ও মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy –তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy -তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোনো teletalk Pre-paid মোবাইল নম্বর

হতে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বারো) টাকা এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) এর জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬ (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: DCMBR<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DCMBR ABCDEF
Reply: Applicant's Name Tk. 112/-Will be Charged as application fee. Your PIN 12345678. To pay fee Type DCMBR YES PIN and send to 16222.
দ্বিতীয় SMS: DCMBR <space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DCMBR YES 12345678
Reply: Congratulation Application's Name payment completed successfully for DCMBR Application for post ×××××××××× USER ID is (ABCDEF) and Password (××××××××××).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (https://dcmbr.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:
DCMBR <space>Help<space>User<space>User ID send to 16222.
Example: DCMBR Help User ABCDEF & Send to 16222
ii. PIN জানা থাকলে DCMBR <space>Help<space>PIN<space>PIN NO send to 16222
Example: DCMMR Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.quary@teletalk.com.bd বা dcmoulvibazar@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DCMOULVIBAZAR, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও মৌলভীবাজার জেলার ওয়েবপোর্টাল www.moulvibazar.gov.bd এবং https://dcmbr.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি

পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www. moulvibazar.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

* ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষায় পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে।

বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৫। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও জন প্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২৩.০৭.২০২৪ খ্রিষ্টাব্দের ১৪১ নং স্মারকমূলে জারীকৃত প্রজ্ঞাপন এর বিধি বিধান প্রযোজ্য হবে।

23.10.2025

(মোঃ ইসরাইল হোসেন)
জেলা প্রশাসক
ফোন: ০২-৪১১১০৪০২
ফ্যাক্স: ০২-৪১১১০৪০৫
Email:dcmoulvibazar@mopa.gov.bd

জেলা প্রশাসক
মৌলভীবাজার এর ওয়েবসাইটে
প্রবেশ এর QR Code

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০১২.০৩.০০৩৫.২৪- ৫৭৬

তারিখ: ০৭ কার্তিক ১৪৩২ / ২৩ অক্টোবর ২০২৫

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট

০৪। জেলা প্রশাসক ------------------------ (সকল)

০৫। পুলিশ সুপার, মৌলভীবাজার

০৬। সিভিল সার্জন, মৌলভীবাজার

০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), মৌলভীবাজার

০৮। ---------------------------------------------------- ও সদস্য, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

০৯। জেলা ----------------------------------কর্মকর্তা (সকল), মৌলভীবাজার। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। প্রশাসক (সকল)------------------------উপজেলা পরিষদ, মৌলভীবাজার। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ------------------------- মৌলভীবাজার। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২। সহকারী কমিশনার (ভূমি) ----------------------------- (সকল), মৌলভীবাজার। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, গুলশান-১, ঢাকা। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১৪। প্রশাসক (সকল) ----------------------- পৌরসভা, মৌলভীবাজার। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। তাকে বিজ্ঞপ্তি জেলার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৬। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, ------------------------------------------। নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ৯.৫" X ৪.৫" সাইজের ভিতরের পাতায় কেবলমাত্র ০১ (এক) দিনের জন্য (সরকারি ছুটির দিন ব্যতিত) স্বল্প পরিসরে প্রকাশ করে (ফন্ট সাইজ ০৯)নিয়োগ বিজ্ঞপ্তির প্রচারিত সংখ্যার ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

১৭। নোটিশ বোর্ড।

23.10.025

(মোঃ ইসরাইল হোসেন)
জেলা প্রশাসক